লেন্স এশিয়া

১৫ নভেম্বর, ২০২৫

# হাতিরঝিলে ককটেল বিস্ফোরণে মোটরসাইকেলে আগুন



সংগৃহীত ছবি

রাজধানীর হাতিরঝিলে ককটেল বিস্ফোরণের একটি ঘটনা ঘটেছে, যাতে সড়কে দাঁড়িয়ে থাকা একটি মোটরসাইকেলে আগুন লাগে। শনিবার (১৫ নভেম্বর) সন্ধ্যা ৬টার দিকে মধুবাগ ব্রিজ এলাকায় হঠাৎ বিস্ফোরণের শব্দে আশপাশে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

হাতিরঝিল থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক (এসআই) ফুয়াদ আহমেদ জানিয়েছেন, খবর পাওয়ার পরপরই পুলিশ টিম ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি বলেন, “দুর্বৃত্তরা ককটেল ফাটিয়ে দ্রুত স্থান ত্যাগ করে। আগুন লাগলেও কেউ হতাহত হয়নি এবং এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তারও করা যায়নি।”

পুলিশ ঘটনাটি তদন্ত করছে এবং দুর্বৃত্তদের শনাক্তের চেষ্টা চলছে।

LENS ASIA